

শেখ হাসিনার নির্দেশ

জলবায়ু সহিষ্ণু
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
ডাইকট শাখা



বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর আওয়তায় অংশীজনের সাথে অনুষ্ঠিত ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা’ বিষয়ক মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতি	পরিমল সিংহ পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রি: রোজ রবিবার।
সভার সময়	সকাল ১১:৪০ ঘটিকা।
স্থান	‘Zoom App’ এর মাধ্যমে অনলাইন সভা।
উপস্থিতি	পরিশিষ্ট-“ক”

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর অধীন সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে হারবেরিয়ামের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব নাইমুর রহমান ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা’ বিষয়ক কার্যক্রম উপস্থাপন করেন। হারবেরিয়ামের সেবা নিয়ে কোন অভিযোগ পাওয়া যায়নি এ তথ্য জানিয়ে তিনি হারবেরিয়াম কর্তৃক প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সুষ্ঠু বাস্তবায়নে সকলের মতামত প্রদানের আহবান জানান।

২.০ আলোচনাঃ

২.১ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক শায়লা সারমিন সেতু ন্যাশনাল হারবেরিয়ামে কিছু কিছু অসজ্জিত ভাউচার স্পেসিমেন এবং হারবেরিয়াম শিট সঠিকভাবে বিন্যস্ত না থাকায় কাঙ্ক্ষিত শীট খুজে পাওয়া কঠিন হয় বলে জানান। তথাপি তিনি হারবেরিয়াম নমুনা পরিচর্যার বিষয়ে প্রশংসা করেন।

২.২ শহীদ সোহরোয়ার্দী কলেজের অধ্যাপক ফেরদৌসি সুলতানা বলেন, হারবেরিয়াম বিষয়টি উদ্ভিদবিজ্ঞান সম্মান শ্রেণীর পাঠ্য সিলেবাসে অন্তর্ভুক্ত থাকায় হারবেরিয়াম পরিদর্শন এবং হারবেরিয়াম টেকনিক শিখন শিক্ষার্থীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই আমরা শিক্ষার্থীদের ফলপ্রসূ শিক্ষাদানের জন্য হারবেরিয়াম এ নিয়ে আসতে চাই কিন্তু এবিষয়ে আমাদের নিয়মাবলী জানা নেই।

২.৩ বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, জনাব অসীম কুমার পাল বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের ডিজিটাইজেশন কার্যক্রমের কথা অবহিত হয়ে প্রশংসা করেন এবং বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের হারবেরিয়ামের ডিজিটাইজেশন করার আগ্রহ প্রকাশ করেন ও হারবেরিয়ামের পরামর্শ চান।

২.৩ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. সরদার নাসির উদ্দিন বলেন, হারবেরিয়ামের উদ্ভিদ নমুনা সজ্জিতকরন একটি চলমান প্রক্রিয়া, কাজেই কিছু নমুনা অসজ্জিত থাকাটা স্বাভাবিক। এছাড়া হারবেরিয়ামে দর্শনার্থীরা প্রায়শই শীট পর্যবেক্ষন শেষে সঠিক অবস্থানে নমুনা রাখেন না, এতে অন্য ব্যবহারকারীদের নমুনা খুজে পেতে সমস্যা হতে পারে। এক্ষেত্রে হারবেরিয়ামের সুষ্ঠু রক্ষণাবেক্ষণের ব্যবহারকারীদের অবশ্যপালনীয় একটি লিখিত নির্দেশমালা প্রদান করা যেতে পারে। তিনি আরো বলেন, শিক্ষার্থী এবং অন্যান্য অংশীজনেরা হারবেরিয়াম পরিদর্শনের মাধ্যমে হারবেরিয়ামের ইতিহাস, কার্যক্রম, সাফল্য জানার পাশাপাশি হারবেরিয়াম টেকনিক বিষয়েও জ্ঞান আহরণ করতে পারবেন। এ বিষয়ে যোগাযোগের নিয়মাবলী হারবেরিয়ামের ওয়েব সাইটে দেয়া আছে। কোভিড-১৯ পরিস্থিতি কাটিয়ে উঠলে শিক্ষার্থীদেরকে হারবেরিয়াম টেকনিক বিষয়ে পুনরায় প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা যেতে পারে বলে আশাবাদ ব্যক্ত করেন। বাংলাদেশ বন গবেষণা

ইস্টিটিউটের পক্ষ হতে বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের ডিজিটাইজেশন এর কার্যক্রম পরিদর্শনের সুযোগ রয়েছে বলে জানান।

২.৪ বর্তমান কোভিড-১৯ পরিস্থিতির কারণে উক্ত সভাটি অনলাইনে করতে হয়েছে। এমতাবস্থায় আলোচনায় অংশ নিয়ে মতামত প্রদান করায় সভাপতি সম্মানিত অংশীজনদের ধন্যবাদ জানান।

৩.০ সভার বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো গৃহীত হয়ঃ

৩.১ কাববোর্ডে হারবেরিয়াম শিটের সঠিক বিন্যস্তকরণ যথাসম্ভব চলমান রাখা।

৩.২ হারবেরিয়ামের যন্ত্র ও সুষ্ঠু ব্যবহারের উদ্দেশ্যে ব্যবহারকারীদের জন্য একটি লিখিত নির্দেশমালা 'হারবেরিয়াম ব্যবহারের নীতিমালা' প্রদান করা।

৪.০ পরিশেষে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



পরিমল সিংহ

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২২.০৫.০০০০.০১০.০৬.০০৩.২০.১২৫

তারিখ: ১ চৈত্র ১৪২৭

১৫ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

২) প্রোগ্রামার, ডকুমেন্টেশন শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), গবেষণা শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

৪) বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), মনোকট শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

৫) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), মনোকট শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

৬) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), এথনোবোটানী ও ইকোনমিক শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

৭) বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), ক্রিপটোগ্যামিক শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

৮) সহকারী পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম



ড. মাহবুবা সুলতানা

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব)